

**AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin**

Date: 18.10.2024

Time: 7.35 A.M

বিশেষ বিশেষ খবর -

১) সিভিক ভলান্টিয়ার নিয়ে সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণের প্রেক্ষিতে কলকাতা পুলিশ সব মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে সিভিক ভলান্টিয়ার তুলে নিয়েছে।

২) আর জি কর ইস্যুতে জুনিয়ার চিকিৎসকদের আন্দোলন ও অনশন কর্মসূচীর মধ্যেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গত সন্ধ্যায় এক বৈঠকে হাসপাতালের নিরাপত্তা ও পরিকাঠামো সংক্রান্ত বিভিন্ন বিষয়ে পর্যালোচনা করেন।

আজ নবান্নে স্বাস্থ্য কর্তাদের আর এক দফা বৈঠক ডেকেছেন মুখ্য সচিব।

৩) নদীয়ার কৃষ্ণনগরে নিহত ছাত্রীর ময়না তদন্তের পর গতরাতে নবদ্বীপ শশ্মানে তার শেষকৃত্য সম্পন্ন হয়েছে। ঘটনার তদন্তে সিট গঠন করা হলেও মেয়েটির পরিবার সিবিআই তদন্তের দাবি জানিয়েছে।

৪) দীর্ঘ আইনী জটিলতা কাটিয়ে রাজ্য সরকার সব সরকারী সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপাচার্য নিয়োগের প্রক্রিয়া আজ শুরু করতে চলেছে।

৫) অভিনেতা দেবরাজ রায় প্রয়াত।

৬) বাংলা আজ রঞ্জি ট্রফি ক্রিকেট ম্যাচে বিহারের মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুলিশ সব মেডিকেল কলেজ ও হাসপাতাল থেকে সিভিক ভলান্টিয়ার তুলে নিয়েছে। সিভিক ভলান্টিয়ার নিয়োগ নিয়ে সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণের প্রেক্ষিতেই এই পদক্ষেপ। রাজ্য পুলিশের পক্ষ থেকে সব জেলা পুলিশ সুপার ও কমিশনারদের কাছে হাসপাতাল, স্কুল ও স্পর্শকাতর এলাকায় কত সিভিক পুলিশ মোয়াতেন রয়েছে তা জানতে চাওয়া হয়। তারপর মেডিনীপুর, বর্ধমান, রায়গঞ্জ, মূর্শিদাবাদ সহ বিভিন্ন মেডিকেল কলেজে সিভিকদের সরিয়ে তার বদলে মোতায়েন করা হয়েছে এন ভি এফ বা হোমগার্ড। কলকাতা ও রাজ্যের বাকি জায়গাগুলিতেও একই ব্যবস্থা নেওয়া হচ্ছে।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টে আর জি কর-এর শুনানির সময় প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্ৰচূড় সিভিক ভলান্টিয়ার নিয়োগ নিয়ে প্রশ্ন তোলেন। কোন আইন এবং পদ্ধতিতে এদের নিয়োগ করা হচ্ছে তাও জানতে চায় শীর্ষ আদালত। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী সিভিক ভলান্টিয়ারদের নিয়োগ ও বেতন সংক্রান্ত যাবতীয় তথ্য হলফনামা হিসেবে জমা দেওয়ার প্রস্তুতিও শুরু করেছে রাজ্য সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর ইস্যুতে জুনিয়ার চিকিৎসকদের আন্দোলন ও অনশন কর্মসূচীর মধ্যেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গত সন্ধ্যায় তাঁর বাসভবনে এক বৈঠকে হাসপাতালের নিরাপত্তা ও পরিকাঠামো সংক্রান্ত বিভিন্ন বিষয়ে পর্যালোচনা করেন। মুখ্য সচিব মনোজ পন্থ ও স্বাস্থ্য সচিব নারায়ণস্বরূপ নিগমের সঙ্গে দীর্ঘক্ষণ ওই বৈঠক চলে। বৈঠক সম্পর্কে বিস্তারিত জানা না গেলেও সব হাসপাতাল ও মেডিকেল কলেজে সিসিটিভি বসানো, পর্যাপ্ত আলো, শৌচাগার, চিকিৎসকদের জন্য বিশ্রাম কক্ষের বন্দোবস্ত সহ যে সমস্ত কাজ চলেছে, তা নিয়ে মূলত আলাপ – আলোচনা হয়। মুখ্যমন্ত্রী এই কাজ করে শেষ হবে তা জানতে চেয়ে কাজের গতি আরও তরান্তি করারও নির্দেশ দেন। গতকালের বৈঠকের পর আজ নবান্নে স্বাস্থ্য কর্তাদের আরেক দফা বৈঠক ডেকেছেন মুখ্য সচিব। সেখানে হাসপাতালের নিরাপত্তা পরিকাঠামো বৃদ্ধির জন্য কাজের অগ্রগতি খতিয়ে দেখা হবে। স্বাস্থ্য সচিব ও স্বাস্থ্য অধিকর্তাও ওই বৈঠকে উপস্থিত থাকবেন। এছাড়াও স্বাস্থ্য সচিব মেডিকেল কলেজগুলির সুরক্ষা পরিকাঠামো সংক্রান্ত সর্ব শেষ অগ্রগতি নিয়ে বিস্তারিত রিপোর্ট মুখ্য সচিবকে পেশ করবেন বলেও জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

১০ দফা দাবিতে ধর্মতলায় জুনিয়ার চিকিৎসকদের আমরণ অনশন কর্মসূচীর আজ চতুরদশ দিন। ধর্মতলায় ৭ জন এবং উত্তরবঙ্গ মেডিকেল কলেজে ১ জন চিকিৎসক অনশন করছেন। ধর্মতলায় অনশন মধ্যে আছেন অর্নব মুখোপাধ্যায়, স্নিঞ্চা হাজরা, সায়ন্তনী ঘোষ হাজরা, পরিচয় পান্ডা, আলোলিকা ঘড়ুই, রঞ্জিলিকা কুমার, স্পন্দন চৌধুরী।

উত্তরবঙ্গে অনশন চালিয়ে যাওয়া সন্দীপ মণ্ডলের রক্তচাপ ঠিক থাকলেও অন্যান্য সমস্যা দেখা যাচ্ছে। অন্যদিকে, টানা অনশন করতে গিয়ে অসুস্থ হয়ে পড়া অনিকেত মাহাতো গতকাল হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন।

এদিকে আর জি কর ইস্যুতে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকেরা তাদের ভবিষ্যৎ কর্মপদ্ধার রূপরেখা স্থির করতে সিনিয়ার চিকিৎসকদের সঙ্গে আলোচনায় বসছে। ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডট্টস ফ্রন্ট WBJDF-এর আন্দোলনরত চিকিৎসকেরা আরও কিছু কর্মসূচী গ্রহণ করেছেন। এক জুনিয়ার চিকিৎসক গত সন্ধ্যায় জানান,

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এরই মধ্যে বিশিষ্ট চিকিৎসক নারায়ণ বন্দ্যোপাধ্যায় গত সন্ধ্যায় বৈঠক করেন তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষের সঙ্গে।

তৃণমূল সূত্রে দাবি, জুনিয়র ডাক্তারেরা যাতে অনশন থেকে সরে আসেন, সেই পথের সন্ধানেই কুণালের সঙ্গে বৈঠক করেছেন নারায়ণ। জুনিয়র ডাক্তার ফ্রন্টের অন্যতম নেতা আশফাকউল্লা নাইয়া অবশ্য বলেছেন, কেউ ব্যক্তিগত ভাবে কারও সঙ্গে দেখা করতেই পারেন। এ নিয়ে তাদের কিছু বলার নেই। তবে জুনিয়র ডাক্তারেদের তরফ থেকে উনি যাননি। তারা কিছু জানেন না।”

পরে সংবাদমাধ্যমের প্রশ্নের উত্তরে নারায়ণবাবু বলেন, তিনি এক জন নাগরিক ও চিকিৎসক। কুণাল ঘোষও এক জন নাগরিক। কাজেই এই বৈঠক নিয়ে অথবা জল ঘোলা করার কিছু নেই। কী নিয়ে কথা হয়েছে, সে ব্যাপারে অবশ্য দু'জনের কেউই মুখ মুখ খোলেননি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জুনিয়ার ডাক্তারদের কর্মবিরতির জেরে বিভিন্ন রোগীকে বেসরকারি হাসপাতালে চিকিৎসা করানোয়, রাজ্যের স্বাস্থ্য সাথী প্রকল্পের খরচ অনেকটাই বৃদ্ধি পেয়েছে বলে রাজ্য স্বাস্থ্য দণ্ডের দাবী করেছে। ১০ ই আগস্ট থেকে ১৮'ই সেপ্টেম্বর পর্যন্ত দৈনিক গড়ে ৭'কোটি ৮ লক্ষ টাকা এবং মোট ৩১৫ কোটি টাকা খরচ হয়েছে বলে স্বাস্থ্য দণ্ডের নবান্নে রিপোর্ট পাঠিয়েছে।

এদিকে, মঙ্গলবার রেড রোডে পুজো কার্নিভালে ‘উই ডিমান্ড জাস্টিস’ ব্যাচ ও কালো টিশার্ট পরার জন্য কলকাতা পুরসভার চিকিৎসক তপোব্রত রায়কে পুলিশ আটক করায় অন্য চিকিৎসকরা তার নিন্দা করেছে। এই ঘটনায় দুঃখ প্রকাশ করার দাবীতে পুরসভার মুখ্য স্বাস্থ্য আধিকারিককে ডাক্তাররা ইমেল করেছে বলেও জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কৃষ্ণনগরে নিহত ছাত্রীর ময়না তদন্তের পর গতরাতে নবদ্বীপ শশানে তার শেষকৃত্য সম্পন্ন হয়েছে। মৃতার বাবা-মা ও পরিবারের লোকেরা চোখের জলে মেয়েকে শেষ বিদায় জানান। মেয়ের দেহ দেখে শশানেই সজ্ঞাহীন হয়ে পড়েন তাঁর বাবা।

এদিকে, এই খুনের তদন্তে সিট গঠন করা হয়েছে। মেয়েটির পরিবার অবশ্য সিবিআই তদন্তের দাবি জানিয়েছে। তরুণীর মা বলেছে, এজন্য প্রয়োজনে তারা হাইকোর্টেও যেতে রাজি।

এই ঘটনায় ধৃত মৃতার পূর্ব পরিচিত রাহুল বসুকে গতকাল আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। রাহুল এবং তার পরিবার অবশ্য দাবি করেছে তিনি নির্দোষ।

মৃতার পরিবারের দাবি অনুযায়ী গতকাল কল্যাণী কলেজ অব মেডিসিন এন্ড জে এন এম হাসপাতালে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ময়না তদন্ত করা হয়। গোটা প্রক্রিয়ার ভিডিওগ্রাফি ও করাও হয়েছে। ময়নাতদন্তকারী চিকিৎসক চিকিৎসক জানিয়েছেন, দেহে অ্যান্টি মার্টাম বার্ন রয়েছে। যার অর্থ অ্যাসিড নয়, আগুনে পোড়ানো হয়েছে দেহ।

এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার, ডিআইজি সিআইডি সোমা দাস ও মুর্শিদাবাদ রেঞ্জের ডিআইজি ওয়াকার রাজা গতকাল ঘটনাস্থল পরিদর্শন করেন। ফরেন্সিক বিশেষজ্ঞরাও বেশকিছু নমুনা সংগ্রহ করেছেন। আজ তাদের আবার যাওয়ার কথা।

সুপ্রতিম সরকার জানিয়েছেন মৃত্যুর সঠিক কারণ কি তা ময়না তদন্তের পূর্ণাঙ্গ রিপোর্ট না পাওয়া পর্যন্ত বলা সম্ভব নয়। সাহায্য নেওয়া হচ্ছে সি আই ডি-রও।

oooooooooooooooooooo

শিয়ালদা ইএসআই হাসপাতালে আজ ভোরে আগুন লেগেছে। দমকলের ১০-টি গাড়ি দোতলার অর্থপেডিক বিভাগে লাগা ওই আগুন নেভানোর কাজ চালাচ্ছে। ওই বিভাগে ৭০-৮০ জন রোগীকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে বলে আমাদের প্রতিনিধি জানাচ্ছেন।

oooooooooooooooooooo

দীর্ঘ আইনি জটিলতা কাটিয়ে সুপ্রীম কোর্টের নির্দেশ মেনে রাজ্য সরকার সব সরকারি সাহায্যপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগ করতে চলেছে।

এই নিয়োগ প্রক্রিয়া আজ শুরু হবে বলে উচ্চশিক্ষা দপ্তর সূত্রে জানা গিয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয় ছাড়াও জেলার দুটি বিশ্ববিদ্যালয়ে আগামীকাল স্থায়ী উপাচার্য নিয়োগের কথা। উল্লেখ্য উপাচার্য নিয়োগের জন্যে যে আড়াই হাজারের মত আবেদন জমা পড়েছিল তার মধ্যে ৫০০ জনকে বেছে নেওয়া হয়েছে।

oooooooooooooooooooo

অভিনেতা দেবরাজ রায় প্রয়াত। গতরাতে তিনি সল্টলেকের একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৬৯ বছর। বেশ কিছুদিন ধরেই তিনি কিডনির সমস্যায় ভুগছিলেন।

হাসপাতাল থেকে আজ তাঁর মরদেহ সল্টলেকের বাসভবনে নিয়ে যাওয়া হবে। আজই তার শেষকৃত্য সম্পন্ন হওয়ার কথা। মঞ্চ, বেতার, চলচ্চিত্র ও টেলিভিশন সর্বত্রই অভিনয় ক্ষেত্রে ছিল দেবরাজ রায়ের অবাধ বিচরণ। কলকাতা বেতারের তিনি ছিলেন নিয়মিত নাট্য শিল্পী। কলকাতা দূরদর্শনে দীর্ঘদিন সংবাদ ও পাঠ করেছেন তিনি।

১৯৭০ সালে সত্যজিৎ রায়ের প্রতিদ্বন্দ্বী ছবিতে দেবরাজ রায়ের চলচ্চিত্রে আত্ম প্রকাশ। 'টুনু'র ভূমিকায় তাঁর অভিনয় সবার দৃষ্টি আকর্ষণ করে।

অমায়িক ব্যবহারের জন্য তিনি সবার অত্যন্ত প্রিয়জন হয়ে উঠেছিলেন। মৃণাল সেনের কলকাতা একান্তরে তাঁর অভিনয় প্রতিভার বিশেষ পরিচয় পাওয়া যায়। এছাড়া অগ্রগণ্য পরিচালকদের মধ্যে তিনি তরুণ মজুমদারের ছবিতেও কাজ করেছেন।

কলকাতা দূরদর্শনের অসংখ্য টেলিফিল্ম ও ধারাবাহিকে তাঁর অভিনয় তাঁকে আলাদা করে চিহ্নিত করেছিল। কলকাতা বেতারের আয়োজনে জেলায় জেলায় নাট্য উৎসবে তাঁর অংশগ্রহণ স্থানীয়

দর্শকদের কাছে ছিল বিশেষ আকর্ষণ। ভবনীপুরের পারিবারিক নাট্যমঞ্চে নিয়মিত নাট্যচর্চা ও কর্মশালার মাধ্যমে তৎকালীন বহু তরঙ্গ শিল্পী উপকৃত হয়েছেন।

তার মৃত্যুতে বাংলা সাংস্কৃতিক মহলে শোকের ছায়া।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানারজি তার মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। এক্ষ হ্যান্ডেলে এক বার্তায় তিনি, দেবরাজ রায়ের পরিবারের প্রতি সমবেদনা জানান।

0000000000000000

কলকাতা ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় মাঝে মধ্যেই বিক্ষিপ্ত বৃষ্টি হচ্ছে। আকাশও আংশিক মেঘাচ্ছন্ন। আগামী ২-৩ দিন অবশ্য দক্ষিণ ও উত্তরবঙ্গের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতর সূত্রে জানা গেছে। তবে মাঝে মধ্যে কোন কোন জায়গায় ২-১ পশলা হাঙ্কা বৃষ্টি হতে পারে।

এদিকে, উত্তর আন্দামান সাগরের ওপর রবিবার ২০ তারিখ নাগাদ একটি ঘূর্ণবর্ত তৈরি হওয়ার সম্ভাবনা। মঙ্গলবার ২২ তারিখ নাগাদ সেটি নিম্নচাপে পরিণত হতে পারে। আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট - সোমনাথ)

0000000000000000

বাংলা, আজ রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে বিহারের মুখোমুখি হবে। কল্যানীর বেঙ্গল ক্রিকেট একাডেমি গ্রাউন্ডে খেলা শুরু হবে সকাল সাড়ে ৯টায়। উত্তরপ্রদেশের বিরুদ্ধে বাংলার এবারের রঞ্জির প্রথম ম্যাচটি অমীমাংসিত ভাবে শেষ হয়। প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে বাংলা তিন পয়েন্ট সংগ্রহ করেছে।

0000000000000000

0000000000000000